গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টেকনাফ, কক্সবাজার।
www.teknaf.coxsbazar.gov.bd

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির ডিসেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : মো: আদনান চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, টেকনাফ, কক্সবাজার।
সভার তারিখ ও সময় : ১৮/১২/২০২৩ খ্রিস্টাব্দ, সকাল ১০.৩০ টা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, টেকনাফ।
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় এবং তাতে কোনরূপ সংযোজন/ বিয়োজনের প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য বিষয় ঃ টেকনাফ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা ঃ

০১। নভেম্বর/ ২০২৩ ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটির তথ্য :

| ইউনিয়ন | মাসিক আইন-শৃঙ্খলা সভার কার্যপত্র | ইউনিয়ন | মাসিক আইন-শৃঙ্খলা সভার কার্যপত্র |
|---|---|---|---|
| হোয়াইক্যং | সভার কার্যবিবরণী পাওয়া গিয়াছে। | হ্নীলা | সভার কার্যবিবরণী পাওয়া গিয়াছে |
| টেকনাফ সদর | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি | সেন্টমার্টিন | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি |
| সাবরাং | সভার কার্যবিবরণী পাওয়া গিয়াছে | বাহারছড়া | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি |

০২। টেকনাফ উপজেলার গত ০২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র ঃ

| সময় কাল | ডাকাতি | দস্যুতা | সিঁদেল চুরি | চুরি | খুন | দাঙ্গা | চোরা চালান | মাদক | অপহরণ | ধর্ষণ/নারী নির্যাতন | শিশু নির্যাতন | অস্ত্র | মানব পাচার | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অক্টোবর ২০২৩ | - | - | - | - | ০২ | - | ০১ | ৪২ | ০৪ | ০৩ | ০২ | ০৬ | ০১ | ১১ | ৭২ |
| নভেম্বর ২০২৩ | | | | | | | | | | | | | | | |

০৩। বিজিবি. টেকনাফ কর্তৃক নভেম্বর' ২০২৩ মাসে আটককৃত মালামালের তথ্য :

| সংস্থার নাম | অভিযান | মামলার সংখ্যা | আটককৃত পণ্যেরমূল্য (মাদকদ্রব্যের মূল্য ব্যতিত) | আটককৃত মালামালের বিবরণ | আটক ব্যক্তির সংখ্যা | মৃত | পলাতক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০২ বিজিবি, টেকনাফ | ৩,৬৬০টি | ৬৩ টি | মালামালের মূল্য ৪১,৯২,৭০০/- | ইয়াবা, ক্রিস্টাল মেথ আইস, মোবাইল ফোন, বার্মিজ বিয়ার ও মদ, সুপারী, যানবাহন, নগদ টাকা, বার্মিজ গুড়, মহিষ, রসুন ইত্যাদি | ১০ জন | - | ০১ জন | |

০৪। কোস্ট গার্ড, টেকনাফ কর্তৃক নভেম্বর' ২০২৩ মাসে আটককৃত মালামালের তথ্য ঃ

| সংস্থার নাম | অভিযান | জি ডি ও মামলার সংখ্যা | আটককৃত মালামালের বিবরণ | আটককৃত পণ্যের মূল্য টাকায় | আসামীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কোস্টগার্ড, টেকনাফ | ১৭ টি | ০১ টি | বার্মিজ টুপিস, লুঙ্গি, জামা, ব্রা, থানকাপড়, বিয়ার, সুপারী ও হুইস্কি ইত্যাদি | ৩,৯৪,৪১০/- | - | - |

০৫। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, টেকনাফ কর্তৃক নভেম্বর' ২০২৩ মাসের তথ্য নিম্নরূপ ঃ

| সংস্থার নাম | অভিযান সংখ্যা | মামলার সংখ্যা | আটককৃত ব্যক্তির সংখ্যা | আটককৃত মালামালের বিবরন | আটককৃত মালামালের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অস্থায়ী সার্কেল অফিস, টেকনাফ। | ১৪৭ টি | ০৭ টি | আটক ০৬ জন পলাতক ০৪ জন | ইয়াবা ৭২.০২০ পিচ, বিলাতিমদ-১৩ বোতল, বিলাতি মদ্য ১৩ বোতল ও সিএনজি-১ টি | ২,২০,১০,০০০/- | |

০৬। টেকনাফ উপজেলায় পরিচালিত নভেম্বর' ২০২৩ মাসের মোবাইল কোর্টের বিবরণ ঃ

| ক্রঃ নং | মোবাইল কোর্ট পরিচালনা কারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নাম ও পদবী | মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা | মামলার সংখ্যা | অর্থ দন্ড | কারাদন্ড | যে আইনে পরিচালিত হয়েছে |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: আদনান চৌধুরী উপজেলা নির্বাহী অফিসার, টেকনাফ, কক্সবাজার | ০৩ | ০৪ | ২,১০০/- | ০২ জন আসামীকে বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়েছে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ ও দন্ডবিধি ১৮৬০ সালের বিভিন্ন ধারায় |
| ০২ | জনাব মোঃ এরফানুল হক চৌধুরী সহকারী কমিশনার (ভূমি) টেকনাফ, কক্সবাজার | ০৫ টি | ০৭ টি | ৯২,৭০০/- | ০১(এক) জন আসামীকে ৭ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়েছে। | বিভিন্ন আইনের আওতায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। |

সভায় বিস্তারিতভাবে নিম্নরূপ আলোচনা হয়।

০৭। টেকনাফ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | জনাব সোনা আলী, সদস্য অত্র কমিটি জানান যে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে সজাগ থাকার জন্য অনুরোধ জানানো হয়। ফিশিং বোটে মিয়ানমারের লোকদেরকে শ্রমিক হিসেবে মৎস্য আহরণে নিয়োজিত না করার জন্য অনুরোধ জানান। | ১। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে সজাগ থাকার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। মিয়ানমারের লোকদেরকে ফিশিং বোটের শ্রমিক হিসেবে মৎস্য আহরণে নিয়োজিত না করার জন্য ফিশিং বোটের মালিকগণকে অনুরোধ জানানো হয়। | ১। অধিনায়ক, ০২ বর্ডার গার্ড বাংলাদেশ, টেকনাফ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন<br>৩। কোম্পানী কমান্ডার, র‍্যাব-১৫ সিপিসি ১, টেকনাফ।<br>৪। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট টেকনাফ।<br>৫। অফিসার ইনচার্জ টেকনাফ মডেল থানা।<br>৬। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, টেকনাফ<br>৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, টেকনাফ।<br>৮। চেয়ারম্যান, সকল ইউপি, টেকনাফ।<br>৯। সভাপতি/সাধারণ সম্পাদক, সংশ্লিষ্ট ঘাটের বোট মালিক সমিতি, টেকনাফ। |
| ২ | জনাব এম এ জহির, সদস্য অত্র কমিটি জানান যে, কাস্টম কর্তৃক আটককৃত/গুদামে রক্ষিত যেসব নিলামযোগ্য পণ্য যেগুলি নিলাম দেয়া হয় সে নিলাম কার্যক্রম যাতে বিধি মোতাবেক সম্পাদন করার হয় সে বিষয়ে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়। তিনি আরও জানান, অবৈধভাবে ইজিবাইক চলাচল বন্ধ করার জন্য মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান পরিচালনার অনুরোধ জানান। | কাস্টম কর্তৃক আটককৃত/গুদামে রক্ষিত নিলামযোগ্য পণ্য নিলাম কার্যক্রম যাতে বিধি মোতাবেক সম্পাদন করার হয় সে বিষয়ে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়। | গুদাম কর্মকর্তা, টেকনাফ শুল্ক গুদাম কর্তৃপক্ষ। |
| ৩ | চেয়ারম্যান, সাবরাং ইউনিয়ন পরিষদ জানান, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সাবরাং শাহপরীরদ্বীপ এলাকাবাসীর পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। তিনি মেরিন ড্রাইভ এলাকার মাদক চোরাচালান বন্ধে স্থানীয় আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর কঠোর হওয়ার অনুরোধ জানান। | ১। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন যাতে অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য টেকনাফ উপজেলাবাসীর প্রতি অনুরোধ জানানো হয়।<br>২। মেরিন ড্রাইভ এলাকা সহ টেকনাফ হতে মাদক চোরাচালান বন্ধে স্থানীয় আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর তৎপরতা আরও বৃদ্ধি করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অধিনায়ক, ০২ বর্ডার গার্ড বাংলাদেশ, টেকনাফ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন<br>৩। কোম্পানী কমান্ডার, র‍্যাব-১৫ সিপিসি ১, টেকনাফ।<br>৪। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>৫। অফিসার ইনচার্জ টেকনাফ মডেল থানা।<br>৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, টেকনাফ। |
| ৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, টেকনাফ জানান, সম্প্রতি ইউরোপ কান্ট্রির প্রতিনিধি দল কর্তৃক টেকনাফ উপজেলার ৪ টি মৎস্য খামার/ প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন। উক্ত প্রতিনিধি দলের রিপোর্টের ভিত্তিতে বাংলাদেশ থেকে ৫,০০০(পাঁচ হাজার) কোটি টাকার চিংড়ি রপ্তানীর সুযোগ সৃষ্টি হয়েছে মর্মে সভাকে জানান। | দেশের মৎস্য খামারগুলোকে মৎস্য রপ্তানীতে আরও অধিক উন্নত ও মানসম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, টেকনাফ।<br>২। মালিক, ............. মৎস্য খামার/ প্রতিষ্ঠান, টেকনাফ। |

| | | | |
|---|---|---|---|
| ৫ | অফিসার ইনচার্জ, টেকনাফ মডেল থানা জানান যে, মাদক চোরাকারবারীদের বিরুদ্ধে যে কোন ব্যক্তি বা সংস্থা কর্তৃক গোপনীয় তথ্য আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে প্রদান করার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। এ সংক্রান্ত বিষয়ে তথ্য প্রদানকারীর তথ্য অত্যন্ত গোপনীয়তার মাধ্যমে রক্ষা করার আশ্বাস প্রদান করেন। তিনি আরও বলেন এ উপজেলায় ইউনিয়ন ভিত্তিক অপরাধের ধরণ ভিন্ন ভিন্ন। সেন্টমার্টিন দুর্গম এলাকা। এ এলাকার মাদক নিয়ন্ত্রনে সকলের সহযোগিতা কামনা করেন। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক ব্যানারে কোন প্রকার প্রচার প্রচারণা নির্বাচন আচরণ বিধি বহির্ভূত বিধায় রাজনৈতিক ব্যানারে কোন প্রকার প্রচার প্রচারণা থেকে বিরত থাকার অনুরোধ জানান। | ১। টেকনাফ উপজেলার মাদক চোরাচালান ও অপহরণ বন্ধে অভিযান পরিচালনা অব্যাহত রাখার জন্য আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক ব্যানারে কোন প্রকার প্রচার প্রচারণা থেকে বিরত থাকার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার(ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট টেকনাফ<br>২। অফিসার ইনচার্জ, টেকনাফ মডেল থানা।<br>৩। চেয়ারম্যান সকল ইউপি, টেকনাফ |
| ৬ | সহকারী কমিশনার(ভূমি), টেকনাফ জানান, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ -এর আচরণ বিধি সম্পর্কে বিভিন্ন ধারা/উপধারা বর্ণনা সভায় উপস্থাপন করেন। অত:পর কোন প্রার্থীর পক্ষে কেউ নির্বাচনী আচরণ বিধি লংঘন করলে তা সেই প্রার্থীর অপরাধ হিসেবে গণ্য করা হবে এবং শাস্তির আওতায় আনা হবে মর্মে জানান। | আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ এ অংশগ্রহণকারী প্রার্থী এবং প্রার্থীর পক্ষে সমর্থকদের কেউ নির্বাচনী আচরণ বিধি লংঘন না করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, টেকনাফ মডেল থানা।<br>২। চেয়ারম্যান, সকল ইউপি, টেকনাফ। |
| ৭ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টেকনাফ জানান আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচন কালীন সময়ে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান এবং জাতীয় এ নির্বাচনে সকলকে শতস্পূর্তভাবে অংশগ্রহণের জন্যও অনুরোধ জানান। তিনি আরও জানান সন্তান জন্মের পর সন্তানের মাকে জরায়ু ক্যান্সার প্রতিরোধক টিকা গ্রহণ করতে হয়। হাসপাতাল থেকে বিনামূল্যে টীকা গ্রহণের জন্য বিষয়টি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। পেয়াজ ও ভোজ্য তেল সহ অন্যান্য পণ্য সেন্টমার্টিন হয়ে মায়ানমারে যাতে পাচার হতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট আইন-শৃংখলা বাহিনীকে অনুরোধ জানান। | ১। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচন কালীন সময়ে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সন্তান জন্মের পর সন্তানের মাকে জরায়ু ক্যান্সার প্রতিরোধক টিকা হাসপাতাল থেকে বিনামূল্যে টীকা গ্রহণের বিষয়টি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১। অধিনায়ক, ০২ বর্ডার গার্ড বাংলাদেশ, টেকনাফ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন<br>৩। কোম্পানী কমান্ডার, র‍্যাব-১৫ সিপিসি ১, টেকনাফ।<br>৪। স্টেশন কমান্ডার, বাংলাদেশ কোস্টগার্ড, টেকনাফ।<br>৫। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট টেকনাফ।<br>৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পণা কর্মকর্তা, টেকনাফ।<br>৭। অফিসার ইনচার্জ, টেকনাফ মডেল থানা।<br>৮। চেয়ারম্যান, সকল ইউপি টেকনাফ |
| ৮ | সভাপতি, জানান কাস্টম কর্তৃক আটককৃত/গুদামে রক্ষিত যেসব নিলামযোগ্য পণ্য বিধি মোতাবেক যথাযথভাবে সরকারী নির্দেশনা অনুযায়ী নিলাম কার্যক্রম সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।<br>আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে এ উপজেলার সকল ভোটকেন্দ্র পরিদর্শন পূর্বক কোন ভোট কেন্দ্রে ভোট গ্রহণের উপযুক্ততা রয়েছে এবং কোন ভোটকেন্দ্রে ভোট গ্রহণে অনুপযুক্ত এ সংক্রান্ত বিষয়ে সরেজমিন তদন্তক্রমে প্রতিবেদন দেয়ার জন্য ৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো।<br>স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, টেকনাফকে ভোটগ্রহণ অনুষ্ঠানের পূর্ব দিন হতে ভোটের কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত অগ্নি নির্বাপক ৩ টি গাড়ির মধ্যে ১টি সাবরাং ইউনিয়নে, ১ টি পৌরসভায় এবং অপর ১ টি হ্নীলা ও হোয়াইক্যং ইউনিয়নে পর্যাপ্ত ম্যানপাওয়ার সহ অগ্নি নির্বাপক সকল যন্ত্রাংশ নিয়ে প্রস্তুত রাখার জন্য অনুরোধ জানানো হয়।<br>ফিসিং বোট/ ট্রলারগুলোকে লাইসেন্সের আওতায় আনার জন্য স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জনানো হয়।<br>১৮ বছরের কম বয়সী ও রোহিঙ্গা নাগরিক যাতে ইজি বাইক চালাইতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য | ১। কাস্টম কর্তৃক আটককৃত/গুদামে রক্ষিত যেসব নিলামযোগ্য পণ্য নিলাম বিজ্ঞপ্তির কপি বিধি মোতাবেক সরকারী ও বেসরকারি সকল দপ্তরে প্রেরণ করে এবং এলাকায় মাইকিং-এর মাধ্যমে সরকারি নির্দেশনা অনুযায়ী নিলাম কার্যক্রম সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।<br>২। ভোটকেন্দ্রের উপযুক্ততা পরিদর্শন কমিটি :<br>ক) উপজেলা প্রকৌশলী<br>খ) উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>গ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>ঘ) ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি<br>কমিটি কর্তৃক ভোটকেন্দ্রের উপযুক্ততার বিষয়ে আগামী ৩(তিন) দিনের মধ্যে প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৩ বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হয়।<br>৩। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪-এ ভোটগ্রহণ অনুষ্ঠানের পূর্ব দিন হতে ভোটের কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত অগ্নি নির্বাপক ৩ টি গাড়ির ১টি সাবরাং ইউনিয়নে, ১ টি পৌরসভায় | ১। অধিনায়ক, ০২ বর্ডার গার্ড বাংলাদেশ, টেকনাফ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন<br>৩। কোম্পানী কমান্ডার, র‍্যাব-১৫ সিপিসি ১, টেকনাফ।<br>৪। সহকারী কমিশনার (ভূমি)ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট টেকনাফ।<br>৫। অফিসার ইনচার্জ টেকনাফ মডেল থানা।<br>৬। উপজেলা প্রকৌশলী, টেকনাফ।<br>৭। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, টেকনাফ।<br>৮। উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>১০। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, টেকনাফ। |

| | | |
|---|---|---|
| স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জনানো হয়।<br>আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটারদের কোনপ্রকার ভয়ভীতি প্রদানকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | এবং অপর ১ টি হ্নীলা ও হোয়াইক্যং ইউনিয়নে পর্যাপ্ত ম্যানপাওয়ার সহ অগ্নি নির্বাপক সকল যন্ত্রাংশ নিয়ে প্রস্তুত রাখার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ জানানো হয়।<br>৪। ফিসিং বোট/ট্রলারগুলোকে লাইসেন্সের আওতায় আনার জন্য স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জনানো হয়।<br>৫। ১৮ বছরের কম বয়সী ও রোহিঙ্গা নাগরিক যাতে ইজি বাইক চালাইতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জনানো হয়।<br>৬। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থীগণ কর্তৃক যথাযথ আচরণবিধি প্রতিপালন করা এবং ভোটারগণকে ভয়ভীতি উর্দ্ধেরেখে শান্তিপূর্ণ ও নিরাপদে ভোটকেন্দ্রে গমন ও ভোট দানে আগ্রহী করতে হবে। | ১১। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকনাফ<br>১২। গুদাম কর্মকর্তা, টেকনাফ শুল্ক গুদাম :<br>১৩। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, টেকনাফ।<br>১৪। চেয়ারম্যান সকল ইউপি, টেকনাফ<br>১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, সংশ্লিষ্ট ঘাটের বোট মালিক সমিতি, টেকনাফ। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

মোঃ আদনান চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
টেকনাফ, কক্সবাজার
**ই-মেইল-unoteknaf@mopa.gov.bd**

স্মারক নং-০৫.২০.২২৯০.০০০.০৫.০০১.২৩ -

তারিখ ঃ ১৮/১২/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-০৪ (উখিয়া-টেকনাফ)
২. জেলা প্রশাসক, কক্সবাজার।
৩. পুলিশ সুপার, কক্সবাজার।
৪. অধিনায়ক, ০২ বর্ডার গার্ড বাংলাদেশ, টেকনাফ।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টেকনাফ।
৬. মেয়র, টেকনাফ পৌরসভা।
৭. স্টেশন কমান্ডার, কোস্টগার্ড, টেকনাফ।
৮. কোম্পানী কমান্ডার, র‍্যাব-১৫ সিপিসি ১, টেকনাফ।
৯. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টেকনাফ।
১০. সহকারী কমিশনার (ভূমি), টেকনাফ।
১১. সহকারী পরিচালক, ডিজিএফআই, টেকনাফ।
১২. অফিসার ইন-চার্জ, টেকনাফ মডেল থানা।
১৩. উপজেলা ............................................................................কর্মকর্তা, টেকনাফ।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনএসআই, টেকনাফ।
১৫. ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকনাফ।
১৬. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, টেকনাফ বিশেষ জোন।
১৭. রেঞ্জ কর্মকর্তা, টেকনাফ ফরেস্ট রেঞ্জ।
১৮. স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, টেকনাফ।
১৯. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, টেকনাফ।
২০. সদ্য সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, টেকনাফ।
২১. চেয়ারম্যান.......................................................................... ইউপি, টেকনাফ।
২২. সভাপতি/ সম্পাদক..................................................... টেকনাফ, কক্সবাজার।
২৩. জনাব.................................................................................................

উপজেলা নির্বাহী অফিসার
টেকনাফ, কক্সবাজার।